
# যারা খ্রীষ্টের পরিচর্যাকারী তাদের আমরা আমাদের বাড়ীতে স্বাগত জানাই

## শিশুদের অন্যদের তাদের ঘরে সেবা করতে শিক্ষা দিন

যে কোন একটি শিশুদের কার্যকলাপ পছন্দ করুন যা তাদের প্রয়োজন ও বয়সের সঙ্গে মানানসই।

**প্রার্থনা ঃ** ''প্রভু, শিশুদের সাহায্য কর যাতে তারা তাদের বাড়ীতে তোমাকে পরিচর্যা করার পথ খুঁজে পায়।''

ভাববাদীর জন্য একটি ঘর তৈরীর গল্পটি শিক্ষা দেবার জন্য প্রস্তুত হন। **২ রাজাবলী ৪ঃ৮-৩৭** পদ পাঠ করুন এবং দেখুন কিভাবে ঈশ্বর একটি মহিলাকে আর্শীব্বাদ করেছিলেন যিনি ভ্রমণকারীদের আতিথেয়তা প্রদর্শন করেছিলেন।



এই সমস্ত প্রশ্নগুলির উত্তর খুঁজুন। প্রতিটি প্রশ্নের পাশে উত্তর দেওয়া আছে।

- ইলীশায়ের জন্য মহিলাটি কি করেছিলেন? (১০ পদ দেখুন)
- মহিলাটির জন্য ইলীশায় কি করেছিলেন? (১৬ পদ দেখুন)
- শিশুটির কি হয়েছিল? (২০ পদ দেখুন)
- মহিলাটির কার কাছে সাহায্যের জন্য গিয়েছিলেন? (২৭ পদ দেখুন)
- বালকটি সাহায্যের আগে ইলীশায় কি করেছিলেন? (৩৩ পদ দেখুন)
- বালকটির জন্য ইলীশায় কি করেছিলেন? (৩৫ পদ দেখুন)

এখন একজন বড় বালক বা বালিকা অথবা শিক্ষক ভাববাদীর গৃহের গল্পটি মুখস্থ বলুন।

২ রাজাবলি ৪ঃ৮-৩৭ পদের গল্পটির অংশবিশেষ নাট্যরূপ দান করুন।

- শিশুদের এই নাটকটি উপস্থাপন করানোর জন্য প্রধান আরাধনার উপাসক মণ্ডলীর নেতার সঙ্গে ব্যবস্থা করুন।
- বড় ছেলেমেয়েরা প্রস্তুতির জন্য ছোট ছেলেমেয়েদের সাহায্য করুক।
- আপনাকে সম্পূর্ণ অংশটা পরিবেশন করতে হবে না।

অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা বা প্রাপ্ত বয়স্করা **ইলিশায়, মহিলা, স্বামী** এবং **বর্ণনাকারী** চরিত্রে অভিনয় করুক।

- বর্ণনাকারী গল্পটি সংক্ষিপ্ত করবে এবং শিশুদের কি বলতে বা করতে হবে এ বিষয়ে সাহায্য করবে।
- ইলিশায়ের হাতে একটি লাঠি থাকবে (হাঁটার জন্য ব্যবহৃত লাঠি)।

অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা বালক এবং কর্মচারীদের চরিত্রে অভিনয় করবে।

**বর্ণনাকারী** ঃ গল্পটির প্রথম পর্ব ২ রাজাবলী ৪ঃ৮-১৬ থেকে বলুন। এরপর বলুন, ''শূনেমিয় মহিলাটি তার স্বামীকে কি বলেছিল শুনুন।''

**মহিলা** ঃ ''স্বামী, আমি ঐ ভাববাদীর জন্য কিছু করতে চাই যিনি এখান থেকে গেলে প্রায়ই আমাদের বাড়ীতে আসেন। আমরা তাঁর জন্য একটা ঘর তৈরী করতে পারি, যাতে তিনি যখন এখানে আসবেন তখন থাকতে পারেন?''

**স্বামী** ঃ ''এটা খুব ভাল প্রস্তাব। আমি এটা উপরের তলায় ছাদের উপর তৈরী করব।''

**ইলিশায়** ঃ দরজায় ধাক্কা দিয়ে। বললেন, ''আমরা থাকার জন্য এসেছি।''

**মহিলা** ঃ ''স্বাগতম, ইলিশায়! ভেতরে আসুন! আপনার জন্য তৈরী ঘরটি দেখুন!''

**ইলিশায়** ঃ ''ধন্যবাদ। আতিথেয়তার জন্য আমি ঈশ্বরের কাছে আপনাদের জন্য আশীর্বাদ চাইব। আমি জানি আপনাদের কোন ছেলে নেই। আগামী বছর, আপনার কোলে পুত্র সন্তান থাকবে।''

**বর্ণনাকারী** ঃ গল্পটির দ্বিতীয় পর্ব ২ রাজাবলি ৪ঃ১৭-২৫ পদ থেকে বলুন। এরপর বলুন, ''শুনুন বালকটি তার বাবাকে কি বলেছিল।''

**বালক** ঃ ''বাবা, আমি আজ তোমার সঙ্গে মাঠে যাব।''

**স্বামী** ঃ ''হ্যাঁ, আমার সন্তান। এস, আমাকে কাজে সাহায্য কর।''

(স্বামী এবং বালক যেখানে কৃষকরা শস্য রোপণ করছিল সেখানে গেল)

**কর্মচারী** ঃ ''সুপ্রভাত, মহাশয়।'' ''ঈশ্বর আপনাকে এবং আপনার সন্তানকে আর্শীবাদ করুন।''

**বালক** ঃ মাথা চেপে ধরে এবং বলে, ''ওহ্! ওহ্! ব্যথা! বাবা, আমার মাথায় প্রচণ্ড ব্যথা হচ্ছে!''

**স্বামী** ঃ (একজন কর্মচারীকে বললেন), ''এই বালককে তার মার কাছে নিয়ে যাও।''

**মহিলা** ঃ বালকটিকে তার কোলে বসিয়ে রাখল যতক্ষণ না সে মারা গেল।

বলল, ''কর্মচারী আমাকে একটা গর্দ্দভী এনে দাও।''

**বর্ণনাকারী** ঃ গল্পটির তৃতীয় পর্ব ২ রাজাবলি ৪ঃ২৬-৩৭ পদ থেকে বলুন। এরপর বলুন, ''শুনুন ইলিশায় তার ভৃত্য গেহসিকে কি বলেছিলেন।''

**ইলিশায়** ঃ ''ঐ শূনেমিয় নারী আসছে। আমি আশ্চর্য কি হয়েছে!''

**মহিলা** ঃ হাঁটতে থাকবে, চোখ থেকে জল বার হচ্ছে, কোন উত্তর না দিয়ে। ইলিশায়ের কাছে গিয়ে বলবে, ''আমার ছেলে মরে গেছে। দয়া করে আমায় সাহায্য করুন!''

**ইলিশায়** ঃ ''চলুন আমরা তার কাছে যাই।'' (মহিলার সঙ্গে তার বাড়িতে যাবে। বালকটির কাছে হাঁটু মুড়ে বসুন এবং প্রার্থনা করছেন মন্ত্রভাবে অভিনয় করুন। এরপর ঐ বালকটির উপর শুয়ে পড়ুন।)

**বালক** ঃ কয়েকবার হাঁচি দেবে এবং উঠে বসবে।

**ইলিশায়** ঃ ''এই তোমার ছেলে!''

**বর্ণনাকারী** ঃ যারা যারা এই নাটকটি রূপায়িত হতে সাহায্য করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাই।

**প্রশ্ন জিজ্ঞাসা করুন।** যদি শিশুরা নাট্যরূপ দান করে প্রাপ্ত বয়স্কদের জন্য তাহলে তাদের উপরের প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে দিন।

প্রত্যেক ছেলেমেয়ে এই গল্পের বিভিন্ন বস্তুর বা ব্যক্তির ছবি আঁকবে।

- তাঁরা আঁকতে পারে পাথরের ঘরের ছাদের উপরে একটি ঘর, একটি টেবিল, একটি চেয়ার, একটি বিছানা, একটি বালক তার মাথা হাত দিয়ে ধরে আছে, গর্দভী অথবা ইলিশায়ের সঙ্গী।
- শিক্ষক একটা ছবি আঁকতে পারে যেখানে থাকবে বিছানাসহ একটা কামরা, একটা টেবিল, একটা চেয়ার এবং একটা প্রদীপ এবং বড় ছেলেমেয়েরা দেখে দেখে এগুলি আঁকবে।
- বড় ছেলেমেয়েরা অপেক্ষাকৃত ছোটদের আঁকতে সাহায্য করবে।

- উপাসনার সময় ছেলেমেয়েরা তাদের ছবিগুলি প্রাপ্তবয়স্কদের দেখিয়ে তাঁদের ব্যাখ্যা করে বলবে কিভাবে আতিথেয়তা করতে হয়, বিশেষত ঃ সেই সমস্ত মানুষদের যারা ঈশ্বরের সেবা কাজ করে।

ছেলেমেয়েরা অন্য উদাহরণ দ্বারা বলবে কিভাবে আমরা আমাদের বাড়ীকেঈশ্বরের সেবা কাজের জন্য ব্যবহার করতে পারি। সঙ্গে আরও জিজ্ঞাসা করবে, ''কোন কোন বিভিন্ন জায়গায় মানুষ ঈশ্বরের উপাসনা করার জন্য যাবে?''

**কবিতা ঃ** এবার চারজন ছেলেমেয়ে প্রত্যেকে এক পদ করে মুখস্থ বলবে গীতসংহিতা ২৪ঃ৭-১০ থেকে।

অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা আমাদের গৃহে ঈশ্বরের উপাসনা করার বিষয়ে অথবা আমাদের বাড়ী কিভাবে ঈশ্বরের উপাসনার জন্য মিলিত হবার স্থান হিসাবে ব্যবহৃত হতে পারে এই সম্বন্ধে কবিতা বা গান লিখতে পারে।

অপেক্ষাকৃত ছোট ছেলেমেয়েরা মুখস্থ করবে ইফিষীয় ২ঃ১৯ পদ এবং বড়রা ইফিষীয় ২ঃ১৯-২০ পদ।

**প্রার্থনা ঃ** ''প্রভু এই সমস্ত পৃথিবী তোমার অধিকারভুক্ত। আমাদের বাড়ী তোমার অধিকারভুক্ত। ধন্যবাদ দিই আমাদের বাড়ী থেকে আমাদের প্রশংসা গ্রহণ করার জন্য। আমাদের পরিবার যেন তোমাকে উপহার স্বরূপ আতিথেয়তার নৈবেদ্য উৎসর্গ করতে পারে।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net